



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১

২৬ অক্টোবর ২০২২

তারিখ: -----

১০ কার্তিক ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

আমদানি পরবর্তী অর্থায়ন (Post Import Financing-PIF) এর নীতিমালা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২৬ এপ্রিল ২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রোক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-২.৩ (চ) এর মাধ্যমে একই গ্রুপভুক্ত বা স্বার্থ-সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে ব্যাংক ব্যবস্থার মাধ্যমে ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে PIF সুবিধা প্রদান করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। এক্ষেপে আন্তর্জাতিক বাণিজ্য/ব্যবসা সহজীকরণ ও বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধির নিমিত্ত এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, স্থানীয় ঋণপত্রের বিপরীতে আমদানি না হয়ে ক্রস বর্ডার ট্রানজেকশনের মাধ্যমে একই গ্রুপভুক্ত বা স্বার্থ-সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে ব্যাংক ব্যবস্থায় ফিনিশড পণ্য আমদানির ক্ষেত্রে PIF সুবিধা প্রদান করা যাবে।

০৪। এতদ্ব্যতীত বিআরপিডি সার্কুলার লেটার নং-১২/২০২২ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২